

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।

নং-বিএলআরআই/ইনোভেশন/২০১৭/ ১৫২ (ক)

তারিখ: ৩১ ০৩ ২০১৭ খ্রি:

গত ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২৯ মে, ২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মুহাম্মদ আব্দুস সামাদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএলআরআই এর ২০১৭ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী ইনোভেশন কার্যক্রম এবং পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য জনাব মোঃ লুৎফুল হক সভাকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি অবহিত করেন। জনাব ড. মোঃ ছাদেক আহমেদ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত সমূহ সভাকে অবহিত করেন। তিনি সভাকে জানান যে, প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবাসমূহ উপজেলাভিত্তিক প্রদর্শনের আয়োজন করা হবে এবং উক্ত প্রদর্শনীর ব্যয় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সম হারে বহনের নির্দেশনা রয়েছে। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়-

সিদ্ধান্ত সমূহঃ

- ১। ইনোভেশন কোড মোতাবেক বাজেট বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। ইনোভেশন কার্যক্রম মেন্টর নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহাপরিচালক, বিএলআরআই মহোদয়কে অনুরোধ করা হবে।
- ৩। বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হবে এবং ত্রৈমাসিক রিপোর্ট নির্ধারিত ছকে প্রেরণ করা হবে।

সার্বিক আলোচনা শেষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. নাসরিন সুলতানা)
ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. মোঃ ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মুহাম্মদ আব্দুস সামাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। অফিস নথি।